

## হরতাল অবরোধে শিক্ষা কার্যক্রম ও পরীক্ষা ব্যবস্থা বিপর্যস্ত

—জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসি

গাঙ্গীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বঙ্গলজ শিক্ষকদের ৮৭তম ব্যাচের প্রশিক্ষণ সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান বৃহস্পতিবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের মির্দানায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ। এ সময় তিনি দেশের চলমান অবরোধ, হরতালের কর্মসূচি কিভাবে শিক্ষা কার্যক্রম ও পরীক্ষা ব্যবস্থাকে বিপর্যস্ত করছে তার বিবরণ তুলে ধরে রাজনৈতিক নেতৃবৃন্দের উদ্দেশে বলেন, ১৪ লাখ এইচএসসি পরীক্ষার্থী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ১ম ও ২য় বর্ষের ৭ লাখের অধিক পরীক্ষার্থীসহ দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের লাখ লাখ শিক্ষার্থীর অনুষ্ঠিতব্য পরীক্ষা কার্যক্রম রাজনৈতিক দলের চলমান সহিংস অবরোধ ও উপর্যুপরি হরতালের কর্মসূচিতে আজ চরম হুমকির মধ্যে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ডারপ্রাক্ত) প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভিসি অধ্যাপক ড. মুন্সাজ আহম্মেদ নূর, টেজারার প্রফেসর নোমান উর রশীদ ও কোর্স উপদেষ্টা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজল কৃষ্ণ ব্যানার্জী বক্তব্য রাখেন। সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানসহ প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য ইঞ্জিনিয়ারিং, স্নাতকোত্তর ও স্নাতক বিজ্ঞান ও মাঝেটিং বিষয়ে ১১৬ জন বঙ্গলজ শিক্ষক এ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন।